গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়
সিলেট
www.dpe.sylhet.gov.bd

স্মারক নং: ৩৮.০১.৯১০০.০০০.১১.০০৩.১৯-৩২১

তারিখ : ১২ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ
২৫ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

# নিয়োগপত্র

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাধীন রাজস্বখাতভূক্ত সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা, ২০১৮ এর ফলাফলের ভিত্তিতে কেন্দ্রীয় প্রাথমিক শিক্ষক নির্বাচন কমিটি কর্তৃক চূড়ান্তভাবে নির্বাচিত নিম্নোক্ত প্রার্থীগণকে জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী প্রশিক্ষণপ্রাপ্ত বেতনস্কেল : টাকা ১০২০০-২৪৬৮০ (গ্রেড-১৪), প্রশিক্ষণবিহীন বেতনস্কেল: টাকা ৯৭০০-২৩৪৯০ (গ্রেড-১৫) বেতনক্রমে দক্ষিণ সুরমা উপজেলার সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষকের শূন্যপদে ২ নং অনুচ্ছেদের শর্ত অনুযায়ী অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো :

| ক্রমিক নম্বর | রোল নম্বর | উপজেলা/ থানাভিত্তিক মেধাক্রম | নাম, পিতা/স্বামীর নাম ও মাতার নাম | স্থায়ী ঠিকানা | বর্তমান ঠিকানা |
|---|---|---|---|---|---|
| ১ | ৫৩৩৬৮৯৮ | ১ | নাম : মোঃ আব্দুল জব্বার<br>পিতা ; মোঃ আলতাবুর রহমান<br>মাতা : সাজনা বেগম | গ্রাম : পশ্চিমভাগ<br>ডাকঘর : পশ্চিমভাগ<br>উপজেলা : দক্ষিণ সুরমা, সিলেট | গ্রাম : পশ্চিমভাগ<br>ডাকঘর : পশ্চিমভাগ<br>উপজেলা :দক্ষিণ সুরমা, সিলেট |

২। ক) যোগদানপত্রের সাথে প্রার্থীকে সিভিল সার্জন প্রদত্ত স্বাস্থ্যগত উপযুক্ততার সনদ/প্রত্যয়ন দাখিল করতে হবে;
খ) যোগদানের তারিখ থেকে ২ (দুই) বছর পর্যন্ত চাকরিকাল শিক্ষানবিসকাল হিসেবে গণ্য হবে;
গ) নিয়োগপ্রাপ্ত শিক্ষকের পুলিশী তদন্তের সন্তোষজনক প্রতিবেদন পাওয়া না গেলে চাকরিচ্যুত করা যাবে;
ঘ) শিক্ষানবিসকালে কর্মদক্ষতা, আচরণ ও সন্তোষজনক চাকুরির রেকর্ড সাপেক্ষে বিধি মোতাবেক চাকরি স্থায়ীকরণের বিষয় বিবেচনা করা হবে এবং শিক্ষানবিসকালে যে কোন ধরণের অসদাচরণের জন্য কোন কারণ দর্শানো ব্যতিরেকেই চাকরিচ্যুত করা যাবে;
ঙ) শিক্ষানবিসকালে কোন বদলির জন্য আবেদন করা যাবেনা;
চ) শিশুকে শারীরিক ও মানসিক নির্যাতন করা যাবে না, করলে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;
ছ) মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগপ্রাপ্তদের মুক্তিযোদ্ধার সনদ/মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক-সনদ পরবর্তীতে যাচাই-বাছাইকালে মিথ্যা বা জাল প্রমাণিত হলে তাৎক্ষনিক তাঁর নিয়োগ বাতিল হবে এবং তাঁর বিরুদ্ধে ফৌজদারি মামলা দায়ের করা হবে;
জ) নিয়োগপ্রাপ্ত শিক্ষক কর্তৃক যে কোন সময়ে সরবরাহকৃত যে কোন তথ্যও সনদপত্র মিথ্যা/ভুয়া/ক্রটিপূর্ণ প্রমাণিত হলে নিয়োগ আদেশ বাতিল করা হবে এবং প্রচলিত আইনের বিধান অনুযায়ী তাঁর/তাঁদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে;
ঝ) যোগদানকৃত শিক্ষকগণকে (প্রশিক্ষণবিহীন) পরবর্তী ০৩ (তিন) বৎসরের মধ্যে ডিপ-ইন-এড প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। উক্ত প্রশিক্ষণ গ্রহণ ও ডিগ্রী অর্জনে ব্যর্থ হলে তার চাকারি স্থায়ী করা হবে না।

৩। নিয়োগপ্রাপ্ত শিক্ষককে সকল সনদের মূলকপি, জাতীয় পরিচয়পত্র, ০৩ (তিনকপি) পুলিশ ভেরিফিকেশন ফরম (যথাযথভাবে পূরণকৃত), সিভিল সার্জন প্রদত্ত স্বাস্থ্যগত উপযুক্ততার সনদ/প্রত্যয়ন ও প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট কোটার সনদসহ জেলা প্রাথমিক শিক্ষা অফিসে সশরীরে উপস্থিত হয়ে নির্ধারিত তারিখে যোগদান করতে হবে। মুক্তিযোদ্ধা কোটায় নির্বাচিত প্রার্থীদের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১৯ জুন ২০১৭ তারিখের স্মারক নম্বর ৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭-৭৭২-এর পরিপত্রের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় অঙ্গীকারনামা দাখিল করতে হবে। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.molwa.gov.bd) প্রকাশিত (লাল মুক্তিবার্তা/ভারতীয় তালিকা/গেজেট/সাময়িক সনদ/মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত বামুস সনদ) তালিকার ভিত্তিতে প্রার্থীর উপস্থাপিত প্রমাণকসমূহের সঠিকতা যাচাই-বাছাইপূর্বক তাদের চাকরিতে নিয়োগের বিষয়টি বিবেচনা করা হবে। তবে এ ক্ষেত্রে উল্লিখিত পরিপত্র অনুযায়ী অবশ্যই অঙ্গীকারনামা দাখিল করতে হবে যে, যাচাই-বাছাই শেষে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে প্রেরিত যাচাই-বাছাই প্রতিবেদনের সাথে নিয়োগ যাচাইকালীন গৃহীত সিদ্ধান্তের কোন ভিন্নতা পরিলক্ষিত হলে সে ক্ষেত্রে মন্ত্রণালয়ের প্রদত্ত সিদ্ধান্ত বলবৎ থাকবে। মন্ত্রণালয়ের পত্রের আলোকে প্রয়োজনে প্রার্থীর নিয়োগপত্র বাতিল করা হবে;

৪। অনুচ্ছেদ ১, ২ ও ৩-এ উল্লিখিত শর্তাবলি তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ৩ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ/১৬ ফেব্রুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ রবিবার জেলা প্রাথমিক শিক্ষা অফিস, সিলেট এ যোগদানের জন্য তাঁকে অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৫। নিয়োগকৃত শিক্ষকগণ ' বেতন-ভাতাদি কোড নং ১২৪০২০৯০০০০০০ সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহ ' খাত থেকে বেতন-ভাতাদি প্রাপ্য হবেন।

৬। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির স্মারক নং ৩৮.০১.০০০০.১৪৩.১১.০১১.১৮-২৩০, তারিখ: ৩০ জুলাই ২০১৮ অনুসারে এ নিয়োগ প্রদান করা হলো।

২৪/০১/২০২০

মোঃ বায়েজীদ খান
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
সিলেট
ফোন:০৮২১-৭১৭৪৫৩

২৪/০১/২০২০

স্মারক নং: ৩৮.০১.৯১০০.০০০.১১.০০৩.১৯-৩২১(১০)

তারিখ : ১২ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ
২৫ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।
২। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, সিলেট বিভাগ, সিলেট।
৩। জেলা প্রশাসক, সিলেট।
৪। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সিভিল সার্জন, সিলেট।
৮। পুলিশ সুপার (বিশেষ), সিলেট।
৯। উপজেলা শিক্ষা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট।
১০। উপজেলা হিসাবরক্ষণ অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট।
১১। জনাব ------------------------------------------------------------প্রযত্নে : ---------------------------------------------------,
গ্রাম/মহল্লা ----------------------------------------ডাকঘর/পোস্ট ------------------------------------------- কোড---------------
উপজেলা : দক্ষিণ সুরমা, জেলা : সিলেট।
১২। সংরক্ষণ নথি।

২৪/০১/২০২০

মোঃ বায়েজীদ খান
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
সিলেট

২৪/০১/২০২০